ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৬

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ১৩-২৫ জানুয়ারি

**রা.বি প্রতিনিধি :** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০০১-২০০২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক সম্মান কোর্সের ভর্তি পরীক্ষার সময়সূচি ঘোষণা করা হয়েছে। আগামী ১৩-২৫ জানুয়ারি, ২০০২ প্রতিদিন ৩ শিফটে পরীক্ষা গ্রহণ করা হবে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিফটের সময়সূচি যথাক্রমে সকাল ৯টা-১১টা, দুপুর ১২টা-২টা এবং বিকাল ৩টা-৫টা পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৩ জানুয়ারি রোববার প্রথম শিফটে হিসাববিজ্ঞান, দ্বিতীয় শিফটে বাংলা এবং তৃতীয় শিফটে ফাইন্যান্স ও ব্যাংকিং; ১৪ জানুয়ারি সোমবার প্রথম শিফটে মার্কেটিং, দ্বিতীয় শিফটে ইংরেজি এবং তৃতীয় শিফটে ব্যবস্থাপনা; ১৫ জানুয়ারি মঙ্গলবার প্রথম শিফটে সমাজবিজ্ঞান, দ্বিতীয় শিফটে রাষ্ট্রবিজ্ঞান এবং তৃতীয় শিফটে সমাজকর্ম; ১৬ জানুয়ারি বুধবার প্রথম শিফটে অর্থনীতি, দ্বিতীয় শিফটে লোক প্রশাসন এবং তৃতীয় শিফটে নৃবিজ্ঞান; ১৭ জানুয়ারি বৃহস্পতিবার প্রথম শিফটে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, দ্বিতীয় শিফটে আইন এবং তৃতীয় শিফটে গণযোগাযোগ; ১৮ জানুয়ারি শুক্রবার প্রথম শিফটে ইতিহাস এবং তৃতীয় শিফটে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি; ১৯ জানুয়ারি শনিবার প্রথম শিফটে ইসলামিক স্টাডিজ, দ্বিতীয় শিফটে মনোবিজ্ঞান এবং তৃতীয় শিফটে ভূগোল ও পরিবেশবিদ্যা; ২০ জানুয়ারি রোববার প্রথম শিফটে পদার্থবিজ্ঞান অথবা আরবি, দ্বিতীয় শিফটে দর্শন অথবা ইনফরমেশন এন্ড কমিউনিকেশম টেকনোলজি এবং তৃতীয় শিফটে গণিত অথবা ফোকলোর; ২১ জানুয়ারি সোমবার প্রথম শিফটে রসায়ন, দ্বিতীয় শিফটে পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট এবং তৃতীয় শিফটে ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স অথবা মিউজিক এন্ড ড্রামাটিক (নাট্যকলা); ২২ জানুয়ারি মঙ্গলবার প্রথম শিফটে ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তিবিদ্যা, দ্বিতীয় শিফটে জেনেটিক্স এন্ড ব্রিডিং অথবা উর্দু এবং তৃতীয় শিফটে পরিসংখ্যান অথবা মিউজিক এন্ড ড্রামাটিক্স (কণ্ঠসঙ্গীত) ২৩ জানুয়ারি বুধবার প্রথম শিফটে এগ্রোনমি ও এগ্রিকালচারাল এক্সটেনশন, দ্বিতীয় শিফটে ফার্মেসি এবং তৃতীয় শিফটে কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি; ২৪ জানুয়ারি বৃহস্পতিবার প্রথম শিফটে প্রাণ রসায়ন ও আণবিক জীববিজ্ঞান, দ্বিতীয় শিফটে ভূতত্ত্ব ও খনিবিদ্যা অথবা সংস্কৃত এবং তৃতীয় শিফটে ফিসারিজ এন্ড এ্যাকোয়াকালচার অথবা চারুকলা; ২৫ জানুয়ারি শুক্রবার প্রথম শিফটে প্রাণিবিদ্যা অথবা ফার্সি এবং তৃতীয় শিফটে উদ্ভিদবিজ্ঞান বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষা চলাকালীন দুই শুক্রবার দ্বিতীয় শিফটে কোনো পরীক্ষা অনুষ্ঠিত হবে না। ভর্তি পরীক্ষাসহ ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়/ তথ্যাদি সংশ্লিষ্ট বিভাগ থেকে ছাত্রছাত্রীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।